৭ বর্ষ ৬ সংখ্যা ১৮ জুন ২০০৪

সম্পাদক
**শাহাদত চৌধুরী**
নির্বাহী সম্পাদক
**মোহসিউল আদনান**
প্রধান প্রতিবেদক
**গোলাম মোর্তোজা**
প্রতিবেদক
**জয়ন্ত আচার্য**
**সাইফুল হাসান, বদরুদ্দোজা বাবু**
সহযোগী প্রতিবেদক
**বদরুল আলম নাবিল**
**আসাদুর রহমান, রুহুল তাপস**
প্রধান আলোকচিত্রী
**তুহিন হোসেন**
আলোকচিত্রী
**আনোয়ার মজুমদার**
নিয়মিত লেখক
**আসজাদুল কিবরিয়া, জুটন চৌধুরী**
**ফাহিম হুসাইন, হাসান মূর্তাজা**
**নোমান মোহাম্মদ, জব্বার হোসেন**
চট্টগ্রাম প্রতিনিধি
**সুমি খান**
যশোর প্রতিনিধি
**মামুন রহমান**
সিলেট প্রতিনিধি
**নিজামুল হক বিপুল**
কানাডা প্রতিনিধি
**জসিম মল্লিক**
হলিউড প্রতিনিধি
**মুনাওয়ার হুসাইন পিয়াল**
নিউইয়র্ক প্রতিনিধি
**আকবর হায়দার কিরণ**
ওয়াশিংটন প্রতিনিধি
**নাসিম আহমেদ**
যুক্তরাজ্য প্রতিনিধি
**শাহরিয়ার ইকবাল রাজ**
কম্পিউটার গ্রাফিক্স প্রধান
**নূরুল কবীর**
শিল্প নির্দেশক
**কনক আদিত্য**
প্রদায়ক আলোকচিত্রী
**এ এল অপূর্ব**

জেনারেল ম্যানেজার
**শামসুল আলম**

**যোগাযোগ**
৯৬-৯৭ নিউ ইস্কাটন, ঢাকা-১০০০
পিএবিএক্স ঃ **৯৩৫০৯৫১ - ৩**
সার্কুলেশন/বিজ্ঞাপন ঃ **৯৩৪৯৪৫৯**
ফ্যাক্স ঃ **৯৩৫০৯৫৪**
**চট্টগ্রাম অফিস :** ১৪/ক, এসি দত্ত লেন, পাথরঘাটা, চট্টগ্রাম ৪০০০
**ই-মেইল ঃ** s2000@dbn-bd.net

**দাম ঃ ২০ টাকা**

**মিডিয়াওয়ার্ল্ড লিমিটেড**
৫২ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০-এর পক্ষে **মাহফুজ আনাম** কর্তৃক প্রকাশিত ও **ট্রান্সক্রাফট লিঃ**, ২২৯ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮ থেকে মুদ্রিত।

**www.shaptahik2000.com**



প্রাগৈতিহাসিক যুগে মানুষ পোশাক পরতো লজ্জা নিবারণের জন্য। এখন পোশাকের কাজ বহুমাত্রিক। পোশাক এখন সৌন্দর্য ও আভিজাত্য বাড়ায়। সারা পৃথিবীর মানুষের মতো আমাদের দেশের মানুষও এখন অনেক বেশি ফ্যাশন সচেতন। তাই পোশাকের ডিজাইন, কাপড়ের বুনন, সেলাই সবকিছুতেই বৈচিত্র্য খোঁজে ক্রেতারা। ক্রেতার চাহিদা মাথায় রেখেই দেশের ফ্যাশন হাউজগুলো প্রতিনিয়ত নিয়ে আসছে বিভিন্ন ডিজাইন আর মোটিফের পোশাক। কিছু ফ্যাশন হাউজ আছে, যারা স্যাটেলাইট সংস্কৃতি দ্বারা প্রভাবিত হয়ে পোশাকের ডিজাইনে পরিবর্তন আনছে। এর বিপরীত চিত্রও কম নয়। গত তিন দশকে দেশে গড়ে উঠেছে বেশকিছু অভিজাত ফ্যাশন হাউজ। ডিজাইন আর রুচিতে এদের স্বকীয়তা প্রশংসিত।

প্রথম দিকে ফ্যাশন হাউজের সংখ্যা কম ছিল, ফলে প্রতিযোগিতাও কম ছিল। পোশাকে বৈচিত্র্য তেমন ছিল না।

এখন চোখধাঁধানো সব ডিজাইনের পোশাক দেখা যায় বুটিক হাউজগুলোর শো-রুমে।

স্বাধীনতা-উত্তর বাংলাদেশে সাপ্তাহিক বিচিত্রা ক্রেতা, পাঠক এবং বুটিক হাউজগুলোর মধ্যে সেতুবন্ধ তৈরির জন্য ফ্যাশন ক্যাটালগ বের করা শুরু করে। এরপর সাপ্তাহিক ২০০০ প্রতিষ্ঠালগ্ন থেকেই ঈদ ফ্যাশন ক্যাটালগের পাশাপাশি মৌসুমি ফ্যাশন ক্যাটালগও প্রকাশ করে আসছে।

এখন পোশাক শুধু দেখতে সুন্দর হলেই হয় না, হওয়া চাই আরামদায়কও। তাই গ্রীষ্ম মৌসুমে সুতির বিকল্প নেই। তবে তাঁত বা পাতলা যেকোনো কাপড়ও মানিয়ে যায়। কাপড় পাতলা হওয়ার সঙ্গে সঙ্গে রঙ নির্বাচনেও এ সময় গুরুত্ব দেয়া হয়।

এ বছর নানা রঙ ও মোটিফের মনোলোভা সব পোশাকের পসরা সাজিয়েছে বুটিক হাউজগুলো। ক্রেতার স্টাইল, আরাম ও বাজেটের সঙ্গে সামঞ্জস্য রেখে তৈরি করেছে আরামদায়ক পোশাক। ব্লক, ব্রাশ, টাইডাই, ভেজিটেবল ডাই, স্প্রে, অ্যাপলিক, এমব্রয়ডারি ছাড়াও চুমকির কাজের প্রাধান্য চোখে পড়ছে এবারের সামার ফ্যাশনে। তাঁত এবং সুতির কাপড়ে ব্লক, স্প্রে, টাইডাইয়ের সাহায্যে মনোরম কাজ করা হয়েছে। ব্রাশের কাজ ও হ্যান্ড পেইন্টের বাহার তো রয়েছেই। সাপ্তাহিক ২০০০-এর এই মৌসুমি ফ্যাশন ক্যাটালগ সঠিক পোশাক নির্বাচনে আপনাকে সহায়তা করবে।

